

Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 03 May, 2025

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে মুন্সীগঞ্জের গজারিয়া উপজেলা বিএনপির অঙ্গ সংগঠন শ্রমিক দলের পক্ষ থেকে বর্ণাঢ্য র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। দিবসটি উপলক্ষে শনিবার (০৩ মে) সকাল ১১টার দিকে গজারিয়া উপজেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের পক্ষ থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি লক্ষীপুরা মোড় থেকে শুরু হয়ে ভবেরচর বাস স্ট্যান্ড এলাকায় গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়।

এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, স্বেচ্ছাসেবক দল কেন্দ্রীয় কমিটির সাবেক সহ-সভাপতি রফিকুল ইসলাম ভিপি মাসুম, গজারিয়া উপজেলা বিএনপির সদস্য সচিব আব্দুর রহমান শফিক, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইদ্রিস মিয়াজী মোহন, উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ইসহাক আলী, মুন্সীগঞ্জ জেলা যুবদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোজাম্মেল হক মুন্না, জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক সাইদুর রহমান সাঈদ, গজারিয়া উপজেলা যুবদলের সদস্য সচিব নাজির আহমেদ শিকদার, গজারিয়া উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক রেজাউল করিম তারেক, গজারিয়া কলিম উল্লাহ অনার্স কলেজ শাখা ছাত্রদলের সাবেক সভাপতি নূরুল আমিন সরকার প্রমুখ। এর আগে সকাল থেকে কর্মসূচি সফল করতে গজারিয়া উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে খন্ড খন্ড মিছিল নিয়ে নেতাকর্মীরা আসতে থাকে ভবেরচর বাস স্ট্যান্ডের দিকে। সকাল এগারোটায় ভবেরচর এলাকা লোকে লোকারণ্য হয়ে যায়।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 03:13

URL: <https://www.timestodaybd.com/dhaka/7758071833>